গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং ঃ ৩৭.০২.০০০০.১০৩.০২.০৩২.২০১৯- ৭৫৩/১০২ তারিখ: ০৬ /০৯/২০২০ খ্রি.

বিষয় ঃ অগ্রিম বর্ধিত বেতন মঞ্জুর সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বি.সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ স্নাতক/স্নাতকোত্তর শ্রেণীতে ১ম শ্রেণী অর্জন করায় অগ্রিম বর্ধিত বেতন মঞ্জুরির লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র অধিদপ্তরে আবেদন দাখিল করেছেন। কিন্তু আবেদনের সাথে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কাগজপত্র/তথ্যাদি না থাকায় বিষয়টি বিবেচনা করা যাচ্ছে না।

| ক্র: | নাম, পদবী, কর্মস্থল ও আইডি নং | সংযুক্ত না থাকা তথ্যাদির বিবরণী |
|---|---|---|
| ক. | জনাব মো: ফকরুল ইসলাম-১৬১৩৪১৩৪০১৬<br>প্রভাষক, ব্যবস্থাপনা<br>সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা | ১. এতো দেরীতে অগ্রিম বর্ধিত বেতন মঞ্জুরির আবেদনপত্র দাখিলের কারণ ব্যাখ্যা প্রয়োজন ;<br>২. হিসাবরক্ষণ অফিস কর্তৃক দাখিলকৃত প্রত্যয়নপত্রে দাবীকৃত তারিখে মূল বেতন ও বেতন স্কেল উল্লেখ নাই ; |
| খ. | জনাব মো: আমিনুল ইসলাম-১৯১৩৭১৩৪০২১<br>প্রভাষক, ব্যবস্থাপনা<br>রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী | ১. অগ্রিম বর্ধিত বেতন মঞ্জুরির লক্ষ্যে নির্ধারিত ছক নাই ;<br>২. সকল কর্মস্থলের বদলী/পদায়নের আদেশ নাই ; |
| গ. | জনাব শরীফ ফারুক আহমেদ খান-<br>১৯১৩৭১৫৬০০৩<br>প্রভাষক, হিসাববিজ্ঞান<br>শেরপুর সরকারি কলেজ, শেরপুর | ১. দাখিলকৃত সকল কাগজপত্র অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত নাই ;<br>২. দাবীকৃত তারিখে মূলবেতন ও বেতন স্কেল উল্লেখপূর্বক হিসাবরক্ষণ অফিস কর্তৃক অফিস ঠিকানা সম্বলিত স্মারক ও তারিখসহ মূল প্রত্যয়নপত্র নাই; |
| ঘ. | জনাব মারুফা শারমিন-২৭১২৬<br>প্রভাষক, হিসাববিজ্ঞান<br>মাগুরা সরাকরি মহিলা কলেজ, মাগুরা | ১. এতো দেরীতে অগ্রিম বর্ধিত বেতন মঞ্জুরির আবেদনপত্র দাখিলের কারণ ব্যাখ্যা প্রয়োজন ;<br>২. সকল কর্মস্থলের বদলী/পদায়ন ও যোগদানপত্রের কপি নাই ;<br>৩. দাবীকৃত তারিখে মূলবেতন ও বেতন স্কেল উল্লেখপূর্বক হিসাবরক্ষণ অফিস কর্তৃক অফিস ঠিকানা সম্বলিত স্মারক ও তারিখসহ মূল প্রত্যয়নপত্র নাই; |

এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত বিষয়ে কাগজপত্র/তথ্যাদিসহ অধ্যক্ষের মাধ্যমে পুনরায় আবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-৯-২০২০

(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ
.....;

অনুলিপিঃ

১। জনাব .....;
২। সংরক্ষণ নথি।

C:/Increement Not/(193)